গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়: পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষে পশুর হাট ব্যবস্থাপনা, নির্দিষ্ট স্থানে পশু কুরবানী ও কুরবানীর পশুর বর্জ্য ব্যবস্থাপনার সার্বিক প্রস্তুতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ তাজুল ইসলাম এমপি<br>মাননীয় মন্ত্রী<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| সভার স্থান | : | Zoom Platform |
| তারিখ ও সময় | : | ২৬ জুন ২০২২, বেলা ৩.৩০ ঘটিকা |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | **পরিশিষ্ট- 'ক'** |

**সভার আলোচনা:**

১.১ মাননীয় মন্ত্রীর সদয় অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী সভায় ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, পবিত্র ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষে পশুর হাট ব্যবস্থাপনা, নির্দিষ্ট স্থানে পশু কুরবানী ও কুরবানীর পশুর বর্জ্য অপসারণ এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত সার্বিক প্রস্তুতি পর্যালোচনার জন্য অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। তিনি সভার সভাপতি ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম এমপি কে সূচনা বক্তব্য প্রদানের অনুরোধ জানান।

১.২ মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সভায় ভার্চুয়ালি সংযুক্ত সিটি কর্পোরেশনের মাননীয় মেয়রবৃন্দ, বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের সচিব ও অন্যান্য কর্মকর্তাদের স্বাগত জানান। সিলেটের সাম্প্রতিক বন্যা ও দূর্যোগপূর্ণ পরিস্থিতি সাহসিকতা ও বিচক্ষণতার সাথে মোকাবেলা করায় মেয়র, সিলেট সিটি কর্পোরেশনকে বিশেষভাবে ধন্যবাদ জানান। তিনি বলেন, কুরবানীর ঈদের সময়ে সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা ও ইউনিয়নে স্থায়ী/অস্থায়ী পশুরহাট বসে থাকে। পশুর হাট যাতে নির্বিঘ্নে বসতে পারে এবং ক্রেতা ও বিক্রেতা উভয়ে যাতে ক্রয়-বিক্রয় কাজ অত্যন্ত নিরবচ্ছিন্নভাবে করতে পারে সেবিষয়ে প্রতিবছর সভা করে দিকনির্দেশেনা দেয়া হয়ে থাকে। এবছরও ইতোপূর্বে প্রদত্ত নির্দেশনার আলোকে অদ্যকার সভায় যৌক্তিক সিদ্ধান্ত গ্রহণ করে তা সকলকে জানিয়ে দেয়া হবে। নির্দেশনা অনুযায়ী সকল সিটি কর্পোরেশনের মেয়র, জেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে পূর্বের ধারাবাহিকতায় যথাযথভাবে দায়িত্ব পালন করবেন। গত দুই বছর কোভিড-১৯ পরিস্থিতির মধ্য দিয়ে কুরবানীর পশুরহাটের কার্যক্রম পরিচালনা করতে হয়েছে। আমাদের দেশে ইতোমধ্যে কোভিড-১৯ পরিস্থিতি উর্ধ্বমুখী হওয়ায় তা বিবেচনায় নিয়ে সতর্কতা অবলম্বন করে সকলকে কাজ করতে হবে। তিনি ভার্চুয়ালি সংযুক্ত সকলকে সংক্ষিপ্তভাবে স্ব স্ব বক্তব্য/প্রস্তুতি উপস্থাপনের জন্য আহ্বান জানান।

১.৩ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস অদ্যকার সভাটি আয়োজনের জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানান। তিনি বলেন, পবিত্র ঈদ উল আযহা-কে কেন্দ্র করে প্রতিবছর কুরবানীর পশুরহাট পরিচালনা ও কোরবানীর বর্জ্য অপসারণ করা হয়। মাননীয় মন্ত্রী'র দিকনির্দেশনার আলোকে পবিত্র ঈদ-উল-আযহা কেন্দ্রিক প্রণীত কর্মসূচি ও কর্মপরিকল্পনা অনুযায়ী ইতোমধ্যে কয়েকটি সভা আয়োজন করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব বুঝিয়ে দেয়া হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরশনের ১০(দশ)টি অঞ্চলে ১০ (দশ)টি পশুরহাট বসানো হবে। প্রতিটি পশুরহাটে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপনসহ পর্যাপ্ত ম্যাজিস্ট্রেট, ভেটেরিনারী/স্বাস্থ্য কর্মকর্তা, পরিচ্ছন্নতা কর্মীসহ পর্যাপ্ত পানির গাড়ির ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, হাটের ইজারাদারগণ যাতে অতিরঞ্জিতভাবে কোন কিছু না করে সেদিকে লক্ষ্য রাখা হবে। ঈদ-উল-আযহা-এর আগের দিন হতে মোট ০৩ (তিন) দিন বর্জ্য অপসারণের কার্যক্রম করা হয়ে থাকে। ঈদের তৃতীয় দিনেও কোরবানী দেয়ার ফলে কিছু বর্জ্য তৈরী হয়। উক্ত বর্জ্য অপসারণ করা কষ্টসাধ্য বিধায় তৃতীয় দিন কোরবানী না দেয়ার জন্য নগরবাসীকে আহবান জানান। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে পর্যাপ্ত যান-যন্ত্রপাতি না থাকায় সশস্ত্র বাহিনী ও জননিরাপত্তা বিভাগের আওতায় বর্ডার গার্ড হতে কিছু যান-যন্ত্রপাতি চালকসহ প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেন। ঈদের দিন এবং ঈদের পরের দিন কুরবানীর বর্জ্য অপসারণ কাজে ব্যবহৃত গাড়িগুলো যেন রাস্তায় ও মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার দিয়ে নির্বিঘ্নে চলাচল করতে পারে সেদিকে ঢাকা মেট্রোপলিটন-এর ট্রাফিক পুলিশ ও ওরিয়ন গ্রুপের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

১.৪ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম সভার সভাপতি মাননীয় মন্ত্রী ও সংযুক্ত সকল মেয়র ও উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ সম্ভাব্য আগামী ১০ জুলাই ২০২২ তারিখে উদযাপিত হতে যাচ্ছে। ঈদের দিন সকাল ৮.০০ ঘটিকা হতে বর্জ্য অপসারণের কার্যক্রম শুরু করা হবে। গুলশানের বারিধারার ডিপ্লোমেটিক জোন, নিকুঞ্জ ও মিরপুরে একটি করে কুরবানীর স্থান নির্ধারণ করা হয়েছে। কুরবানীর দিন যে ওয়ার্ড আগে পরিষ্কার পরিচ্ছন্ন করতে পারবে তাদেরকে পুরস্কৃত করা হবে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে ১১টি পশুরহাট বসবে। প্রতিটি হাট মনিটরিং করার জন্য পৃথক পৃথক মনিটরিং টিম গঠন করা হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বর্জ্য/আবর্জনা সাভার উপজেলার আমিনবাজারে অবস্থিত ল্যান্ডফিলে ফেলা হয়। ময়লার গাড়ি যাতে নির্বিঘ্নে ল্যান্ডফিলে যাতায়াতের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া, তিনি ঈদের দিন এবং পরবর্তী ০২(দুই) দিন রাস্তার মধ্যে লবণ দিয়ে পশুর চামড়া প্রক্রিয়াজাত করা থেকে সংশ্লিষ্টদের বিরত রাখার বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে ৯৯০০ জন পরিচ্ছন্ন কর্মী প্রস্তুত রাখা হয়েছে। ইমামদেরকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৫ লক্ষ পলিব্যাগ এবং ১ লক্ষ Biodegradable পলিব্যাগ সংশ্লিষ্ট কাউন্সিলরগণের মাধ্যমে প্রতিটি বাসা-বাড়িতে পৌঁছানো হবে। ৫৪টি ওয়ার্ডের ১০০০ জন কসাইকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং পশু চিকিৎসকদের পশুর স্বাস্থ্য দেখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্জ্য পরিবহণের জন্য ৫৫৮টি গাড়ী প্রস্তুত রাখা হয়েছে।

১.৫ খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক বিভিন্ন সময়ে পরামর্শ প্রদানের জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলেন, খুলনা সিটি কর্পোরেশনে ০১টি মাত্র পশুর হাট রয়েছে। উক্ত হাটটি আগামী ০৩ জুলাই ২০২২ তারিখে উদ্বোধন করা হবে। উক্ত হাটটি ইজারা প্রদানের জন্য ০৩ বার বিজ্ঞপ্তি প্রদান করা হলেও কোন ইজারাদার পাওয়া যায়নি বিধায় সিটি কর্পোরেশনের নিজস্ব ব্যবস্থাপনায় হাটটি পরিচালনা করা হচ্ছে। হাটে প্রবেশের ক্ষেত্রে হাত ধোয়া, মাস্ক পরিধান করা বাধ্যতামূলক করা হয়েছে। বয়স্ক ও শিশুদের পশুরহাটে প্রবেশ

সভাপতিত্বে এ বিষয়ে একটি সভা আহবান করা হবে। উক্ত সভায় বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ উপস্থিত থাকবেন। ঈদের সময় মহাসড়ক/সড়কে পশুরহাট বসে যাতে যানজট সৃষ্টি না-হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। যানজট মুক্ত রাখার জন্য পশুবাহী ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের ট্রাক ব্যতিত অন্য কোন ট্রাক মহাসড়ক/সড়কে চলাচল করতে দেয়া হবেনা। এছাড়া, মহাসড়ক/সড়ক দুর্ঘটনামুক্ত রাখার জন্য সিএনজি ও থ্রিহুইলার যাতে সড়কে/মহাসড়কে না চলে সেজন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধিদের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।

১.১২ ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক ড. মোঃ মুশফিকুর রহমান সভাকে জানান, পবিত্র-ঈদ-উল আযহা, ২০২২ উপলক্ষে ৫ লক্ষাধিক লিফলেট বিতরণ করা হবে। ইমামদের প্রশিক্ষণের জন্য পর্যাপ্ত অর্থ না থাকায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ করেন।

১.১৩ সভাপতি সভাকে জানান, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক কর্তৃক প্রস্তাবিত ইমামদের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়টি যৌক্তিক। বর্তমান অর্থ বছর প্রায় শেষ পর্যায়ে হওয়ায় কোন অর্থ অবশিষ্ট না থাকায় আগামী অর্থবছরে এপ্রিল হতে মে মাসের মধ্যে বরাদ্দের চাহিদা প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

১.১৪ স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব মোঃ জাহাঙ্গীর হোসেন সভাকে জানান, পশুরহাটে পর্যাপ্ত মেডিকেল টিম থাকবে। কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় মাস্ক পরিধান নিশ্চিতকরণ ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.১৫ স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব (নগর উন্নয়ন-১) জনাব মোহাম্মদ নূরে আলম সিদ্দিকী সভাকে জানান, কোভিড পরিস্থিতিতে কুরবানীর হাট ব্যবস্থাপনার জন্য বিগত ০২(দুই) বছর স্বাস্থ্য অধিদপ্তর হতে গাইডলাইন দেয়া হয়েছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ হাট ব্যবস্থাপনায় উক্ত গাইডলাইনটি অনুসরণ করেছে।

১.১৬ সচিব, স্থানীয় সরকার বিভাগ স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধিকে স্বাস্থ্য সেবা বিভাগ হতে জরুরী ভিত্তিতে পূর্বের ন্যায় কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় গাইড লাইন প্রেরণের অনুরোধ জানান।

১.১৭ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী সভাকে জানান, পশুরহাটে নিরাপত্তার জন্য জননিরাপত্তা বিভাগকে অনুরোধ করা প্রয়োজন। এছাড়া, জাল নোট সনাক্তকরণের জন্য বাংলাদেশ ব্যাংককে নির্দেশনা প্রদান করা জরুরী।

১.১৮ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ শহীদুল আলম সভাকে জানান, চামড়া ব্যবস্থাপনা নিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন সমস্যার সৃষ্টি হয়। উপজেলাসমূহ হতে কুরবানীর চামড়া সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে আসলে মৌসুমী ব্যবসায়ীরা মূল্য না পেয়ে রাস্তায় ফেলে রেখে চলে যায়। সিটি কর্পোরেশন কর্তৃক উক্ত চামড়া ডাম্পিং করা ছাড়া আর কোন উপায় থাকে না।

১.১৯ সচিব, স্থানীয় সরকার বিভাগ জানান, পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে কুরবানীর পশুর হাটের বর্জ্য অপসারণ এবং পরিস্কার-পরিচ্ছন্নতার লক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে ইতোমধ্যে এ বিভাগ হতে চালকসহ ডাম্প ট্রাক, টায়ার ড্রোজার, পে-লোডার ও পানির গাড়ি সৌজন্যমূলকভাবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ০৩(তিন) দিনের জন্য নিয়োজিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জননিরাপত্তা বিভাগ ও সশস্ত্র বাহিনী বিভাগকে অনুরোধ করা হয়েছে। উক্ত বিষয়টি Follow up করতে হবে।

১.২০ সভাপতি এবং মাননীয় মন্ত্রী সকল মেয়রকে পরিকল্পিত কার্যক্রম গ্রহণের জন্য ধন্যবাদ জানান এবং সকলে মিলে কুরবানীর হাট ও বর্জ্য অপসারণ কার্যক্রম সুন্দরভাবে এগিয়ে নিবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। ঈদের সময় কোভিডের সংক্রমণ বাড়তে পারে সেজন্য স্বাস্থ্য সেবা বিভাগ হতে সুনির্দিষ্ট নির্দেশনা দেয়া প্রয়োজন। পশুর হাটসমূহে নগদ টাকার লেনদেন হওয়ায় হাটসমূহে ক্রেতা-বিক্রেতাগণকে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান করতে হবে। কোরবানীর পশুর বর্জ্য দ্রুততম সময়ে অপসারণপূর্বক মহানগরীগুলোতে পূর্বের ন্যায় পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সিটি কর্পোরেশনের মেয়রগণকে অনুরোধ করেন।

**২. সভার সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/ সংস্থা |
|---|---|---|
| ১. | **(ক) <u>কোরবানীর পশুরহাট ব্যবস্থাপনা</u>**<br>সড়ক/ মহাসড়কের পাশে যেখানে স্বাভাবিক যান চলাচল বিঘ্নিত হতে পারে সেখানে কোনক্রমেই পশুরহাট বসানো যাবেনা। এ নির্দেশনা অমান্যকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)<br>২. জেলা প্রশাসক, সকল<br>৩. পুলিশ সুপার, সকল |
| ২. | কোরবানীর পশুরহাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন সময়ে স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইডলাইন যথাযথ অনুসরণ নিশ্চিত করতে হবে। | সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ |
| ৩. | কোরবানির পশুর হাটে ক্রেতা-বিক্রেতার একমুখী চলাচলের ব্যবস্থা করতে হবে অর্থাৎ, প্রবেশপথ এবং বহির্গমনের পথ পৃথক হতে হবে। সকলকে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করতে হবে। | সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহ এবং তদকর্তৃক নিয়োজিত ইজারাদারগণ। |
| ৪. | পশুর হাটে সামাজিক দূরত্ব মেনে লাইনে দাঁড়ানো, প্রবেশ ও বের হওয়া নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে। বৃদ্ধ ও শিশুদের পশুর হাটে প্রবেশ নিরুৎসাহিত করতে হবে। | ১. সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ এবং তদকর্তৃক নিয়োজিত ইজারাদারগণ<br>২. জননিরাপত্তা বিভাগ |
| ৫. | কুরবানীর পশুর হাটে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এ বিষয়ে জেলা ও উপজেলা পর্যায়ে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করতে হবে। | ১. জননিরাপত্তা বিভাগ<br>২. স্থানীয় সরকার বিভাগ |
| ৬. | কোরবানীর পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে। | ১. আর্থিক প্রতিষ্ঠান বিভাগ<br>২. বাংলাদেশ ব্যাংক |
| ৭. | জেলা প্রশাসকগণ পৌর মেয়র, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিয়ে ভিডিও কনফারেন্স করে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং প্রয়োজনমতে মোবাইল কোর্ট পরিচালনা করবেন। | ১. জেলা প্রশাসক (সকল)<br>২. উপ-পরিচালক, স্থানীয় সরকার (সকল) |
| ৮. | **(খ) <u>নির্দিষ্ট স্থানে পশু কোরবানী নিশ্চিতকরণঃ</u>**<br>• সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>• নির্দিষ্ট স্থানে পশু কুরবানী নিশ্চিত করতে হবে। এ বিষয়ে জনসাধারণকে উৎসাহিত করতে হবে। | ১. সকল সিটি কর্পোরেশন<br>২. সকল পৌরসভা<br>৩. সকল উপজেলা পরিষদ<br>৪.সকল ইউনিয়ন পরিষদ |

| ক্রমিক | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/ সংস্থা |
|---|---|---|
| ৯. | • পশু জবাই এর জন্য স্বাস্থ্যসম্মত স্থান নির্ধারণ নিশ্চিত করতে হবে।<br>• বর্ষাকাল বিবেচনায় সামিয়ানা/ত্রিপল টানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সকল সিটি কর্পোরেশন<br>২. সকল পৌরসভা<br>৩. সকল ইউনিয়ন পরিষদ |
| ১০. | • পশু জবাই এর স্থান, ইমাম ও কসাই এর তালিকা প্রস্তুত করতে হবে।<br>• ওয়েবসাইট/ ডিজিটাল ডিসপ্লে/ মাইক/ লিফলেট/ব্যানার/কেবল অপারেটর এ ব্যাপক প্রচারের ব্যবস্থা নিতে হবে।<br>• যুব সংগঠন ও সমবায় সংগঠনকে সম্পৃক্ত করতে হবে। | |
| ১১. | • পশুর হাটে ভেটেরেনারি চিকিৎসক/ সার্জন এর অবস্থান নিশ্চিতকরণ করতে হবে।<br>• স্বাস্থ্যসম্মত উপায়ে মোটাতাজাকরণকৃত / রোগমুক্ত গরু সরবরাহ নিশ্চিতকরণ ও প্রতিটি হাটে একটি বুথ স্থাপন করতে হবে।<br>• কসাইদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>২. প্রাণিসম্পদ অধিদপ্তর<br>৩. সিটি কর্পোরেশন/ পৌরসভা/ উপজেলা পরিষদ / ইউনিয়ন পরিষদ |
| ১২. | কোভিড-১৯ প্রতিরোধকল্পে ইমামদের মাধ্যমে স্বাস্থ্যবিধি মেনে কোরবানীর বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা চালাতে হবে। | ১. ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>২. ইসলামিক ফাউন্ডেশন |
| ১৩. | স্বাস্থ্যবিধি মেনে পশুর হাটে ক্রেতা-বিক্রেতার করণীয় ও নির্দিষ্ট স্থানে পশু কোরবানীর বিষয়ে প্রচার চালাতে হবে। | ১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়<br>২. গণযোগাযোগ অধিদপ্তর<br>৩. সংশ্লিষ্ট অনুবিভাগ |
| ১৪. | সকল মোবাইল কোম্পানির মাধ্যমে স্বাস্থ্যবিধি মেনে পশুর হাটে ক্রেতা-বিক্রেতার করণীয় ও নির্দিষ্ট স্থানে পশু কোরবানীর বিষয়ে sms এর মাধ্যমে প্রচার করতে হবে। | ১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগ<br>২. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন |
| ১৫. | রেল ও সড়ক কর্তৃপক্ষের অব্যবহৃত স্থান, কলোনি, রাজউকসহ অন্যান্য প্রতিষ্ঠানের জায়গা অস্থায়ীভাবে পশু কোরবানীর স্থান হিসেবে ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে সহায়তা করবে। | রেলপথ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) |
| ১৬. | স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এলাকাভিত্তিক পশুর হাট ও পশু কোরবানীর নির্দিষ্ট স্থানের তালিকা জনসাধারণের জ্ঞাতার্থে ব্যাপকভাবে প্রচার করবে। এক্ষেত্রে স্থানীয় কেবল টিভি অপারেটরদের সহায়তা গ্রহণ করা যেতে পারে। | ১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়য়<br>২. সকল সিটি কর্পোরেশন<br>৩. সকল উপজেলা পরিষদ<br>৪. সকল পৌরসভা<br>৫. সকল উপজেলা পরিষদ<br>৬. সকল ইউনিয়ন পরিষদ |

| ক্রমিক | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/ সংস্থা |
|---|---|---|
| ১৭. | **(গ) <u>কোরবানীর বর্জ্য ব্যবস্থাপনাঃ</u>**<br>বিভাগীয় কমিশনার, সকল সিটি কর্পোরেশন, জেলা প্রশাসকের কার্যালয়, সকল পৌরসভায় ও সকল উপজেলা পরিষদে কন্ট্রোল রুম স্থাপন করতে হবে | ১. সকল সিটি কর্পোরেশন<br>২. সকল বিভাগীয় কমিশনার<br>৩. সকল জেলা প্রশাসক<br>৪. সকল পৌরসভা |
| ১৮. | ২৪ ঘন্টার মধ্যে কোরবানীর সকল প্রকার বর্জ্য অপসারণ এবং কোরবানীর স্থান পরিষ্কার করতে হবে | সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ১৯. | অনলাইন পশুর হাটকে উৎসাহিত করতে হবে।<br>জনসাধারণকে অনলাইনে পশু ক্রয় বিক্রয়ে উৎসাহিত করতে হবে। | সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |

৩. সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-তারিখ: ০৪/০৭/২০২২খ্রি.
মোঃ তাজুল ইসলাম এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২৩.০০২.২০.৭৮৪/১(১০০)

তারিখ: ২০ আষাঢ় ১৪২৯ / ০৪ জুলাই ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) মাননীয় মেয়র, .............................সিটি কর্পোরেশন (সকল)
(২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৫) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৬) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৭) সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা
(৮) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(৯) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(১০) অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ
(১১) মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
(১২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
(১৩) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, পুরানা পল্টন, ঢাকা
(১৪) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(১৫) প্রধান নির্বাহী কর্মকর্তা,........................ সিটি কর্পোরেশন (সকল)
(১৬) বিভাগীয় কমিশনার, ........................বিভাগ (সকল)
(১৭) পরিচালক, স্থানীয় সরকার, ........................বিভাগ (সকল)
(১৮) প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(১৯) যুগ্মসচিব (প্রশাসন/ নগর উন্নয়ন-১/ নগর উন্নয়ন-২/উপজেলা/ইউপি), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২০) জেলা প্রশাসক,......................................জেলা (সকল)।
(২১) উপসচিব (পৌর-১/উপজেলা-১/ইউনিয়ন পরিষদ-১/সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(২২) উপপরিচালক. ..........................................জেলা (সকল)।
(২৩) সিনিয়র সহকারী সচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

04.07.2022

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd